দামুড়হুদায় ইটভাটার পতিত জমিতে আউশধান আবাদের লক্ষ্যে মতবিনিময় সভা

দামুড়হুদায় উদ্বুদ্ধকরণের মাধ্যমে ইটভাটার পতিত জমিতে খরিপ-১ মৌসুমে আউশধান আবাদ বৃদ্ধিতে ইটভাটা মালিকবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকাল ৪টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। এসময় তিনি বলেন আমাদের দেশ কৃষি নির্ভর দেশ। দামুড়হুদা উপজেলায় যেসকল ইটভাটা আছে তা ইটের সিজেন ছাড়া বাদবাকি সময় পতিত অবস্থায় পরে থাকে। ওই সকল পতিত জমিতে যদি আউশধান উৎপাদন করা যায় তাহলে আমাদের নিজেদের খাদ্য চাহিদা পূরণ হবে। পাশাপাশি দেশের খাদ্য উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করবে। গতবছর এই উপজেলায় প্রায় ২৫০ বিঘা ইটভাটার পতিত জমিতে আউশধান চাষ হয়েছিল। এবছর তা বৃদ্ধি পেয়ে প্রায় ৩৫০ বিঘা জমিতে আউশধান চাষ হবে বলে আশা করছি।

শুধুমাত্র দামুড়হুদা উপজেলাতেই নয়, বাংলাদেশের যত ইট ভাটার পতিত জমি আছে সেখানে যদি এই আউশধান চাষ করা হয় তাহলে বাংলাদেশ খাদ্য উৎপাদনে আরো এক ধাপ এগিয়ে যাবে বলে তিনি মনে করেন। ইটভাটার পতিত জমি গুলো ব্যবহার করে তা আউশধান সহ বিভিন্ন লতা জাতীয় চাষের অনুকূলে এনে চাষাবাদ করলে দেশের খাদ্য উৎপাদনে বিরাট ভূমিকা পালন করবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, উপসহকারী কৃষি কর্মকর্তা সাইফুল ইসলাম, বদরুল আলম। উপজেলার ইটভাটার মালিক আমজাদ হোসেন, আ: কাদের, সঞ্জয় কুমার বোস, হাসান আলী, সামসুল হক, মহিউদ্দিন প্রমূখ।

দামুড়হুদা বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের কৃতিশিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান

দামুড়হুদার বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ে নবাগত শিক্ষার্থীদের বরণ, এসএসসি পরীক্ষার্থীদের বিদায় এবং কৃতিশিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত বিদায়-বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ হাজী আলী আজগার টগর এমপি।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, উপজেলা খাদ্য পরিদর্শক জাহাঙ্গীর হোসেন লিটন, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি অ্যাড. রেজাউল হক রেজা, সাবেক চেয়ারম্যান শাহ মোহা : এনামুল করীম ইনু।

স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম। অফিস সহকারী গোলাম ছারোয়ার নান্নুর সঞ্চালনায় অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন কলাবাড়ি-রামনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য মোখলেছুর রহমান, খোকন আলী, আল মাহমুদ আসলাম, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য আব্দুর রাজ্জাক রাজা, রফিকুল ইসলাম, ফারুক হোসেন, মেহেরা খাতুন, নাসরিন সুলতানা, সাইফুল ইসলাম, সাবেক সভাপতি হাজি কুতুব উদ্দিন, বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক আল মামুন, বিলায়েত হোসেন, সাবিনা আফরোজ, সাবিনা ইয়াসমিন, জিনজিরা খাতুন, নাসরিন সুলতানা, সেলিম উদ্দিন, সহকারী শিক্ষক রেজওয়ান আমিন, আবু সাইদ মো: হাসান, আনছার আলী, শরিফুল ইসলাম, মজিবর রহমান, শাহিন বাদশা, ট্রেড ইন: মহিবুল হক, শ্রী সরল রায়, গণ গ্রন্থাকারিক রুবাইয়া আক্তার, দামুড়হুদা

পুলিশের বিশেষ শাখার এনএসআই শহীদ হোসেন, দর্শনা কলেজ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক অপু সরকার।

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে। বুধবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক আয়োজিত ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে শোভাযাত্রা ও উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেনসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

দামুড়হুদায় ভুট্টা ক্ষেত থেকে হাত-পা বাঁধা অবস্থায় লাশ উদ্ধার

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের ইব্রাহিমপুর গ্রামের আলী মন্ডলের ছেলে রেজাউল হোসেনের ভুট্টা ক্ষেত থেকে নিখোজ অটোচালকের মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। কিন্তু অটোবাইকের সন্ধান পাওয়া যায়নি।

বুধবার বেলা সাড়ে ১২টার সময় হাত পা বাধা অবস্তায় তার মরা দেহ উদ্ধার করে পুলিশ।

পুলিশ ও এলাকাবাসিরা জানান নিহতের বাড়ি চুয়াডাঙ্গা দৌলতদিয়া সরদার পাড়ার মৃত শমসের আলীর ছেলে আশরাফ সরদার (৫০)।

নিহত আশরাফ সরদার অটোবাইক চালিয়ে জীবিকা নির্বাহ করতো। গত সোমবার নিহত আশরাফ সরদার অটোচালিয়ে বাড়ি না ফিরলে পরিবারের লোকজন খোঁজাখুঁজি করতে থাকে। অবশেষে বুধবার স্থানীয় গ্রামবাসি মাঠে কৃষিকাজ করতে গেলে তার লাশ দেখে পুলিশকে খবর দেয়। পরে দামুড়হুদা মডেল থানার পুলিশ ও সি আই ডির একটি প্রতিনিধিদল ঘটনাস্থল পরিদর্শন করে লাশ মর্গে প্রেরন করেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ জানান ভুট্টাক্ষেত থেকে একটা লাশ উদ্ধার করা হয়েছে, তদন্ত চলছে। ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা মর্গে পাঠানো হয়েছে লাশ।

দামুড়হুদায় ঐতিহাসিক ৭ই মার্চ পালন

দামুড়হুদায় ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন উপলক্ষে পুষ্পস্তাবক অর্পণ আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল

১০টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের বঙ্গবন্ধু মুরালের পাদদেশে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে প্রথমেই উপজেলা পরিষদের বঙ্গবন্ধু মুরালের পাদদেশে ফুল দিয়ে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদ। এরপর বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুলের শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আছের উদ্দিন, রুস্তম আলী , উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হেলেনা আক্তার নিপা।

উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান,

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন সাইফুল আলম, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সহসভাপতি হায়দার আলী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, যুগ্ম সম্পাদক শেখ হাতেম, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমানসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও ছাত্র ছাত্রী বৃন্দ।

দামুড়হুদায় শিশু শিক্ষার্থীদের

মুখে ডিম দিয়ে প্রাণিসম্পদ সেবা সপ্তাহের উদ্বোধন

দামুড়হুদায় শিশু শিক্ষার্থীদের মুখে ডিম তুলে দিয়ে প্রাণিসম্পদ সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে দশমী বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিশু শিক্ষার্থীদের মুখে ডিম তুলে দিয়ে কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

দামুড়হুদা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: তাসলিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা: রাকিবুল হাসান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সহকারী উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দীন। প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় দামুড়হুদা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের বাস্তবায়নে অনুষ্ঠানে ডিমের পুষ্টিগুণ বিষয়ে তুলে ধরা হয।

সেই সাথে প্রতিটি শিশুকে প্রতিদিন সকালে একটি করে ডিম এবং প্রতিদিন রাতে একগ্লাস দুধ খাওয়ানোর পরামর্শ দেয়া হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা ভেটেরিনারি সার্জণ ডা: নাজমুল হাসান শাওন।

দামুড়হুদায় ক্ষমতার দাপট দেখিয়ে সরকারি গাছ কাটলেন মুহুরি তাহাজুল

সরেজমিনে গিয়ে দেখা যায় দামুড়হুদা উপজেলার চন্ডিপুর গ্রামের প্রধান সড়ক থেকে সড়াবাড়িয়া গ্রামীণ সংযোগ সড়কের পাশে

তাহাজুল ইসলাম নামে এক ব্যক্তি সরকারি দশটি মেহগনি গাছ চুরি করে কেটে বিক্রি করেছে। এই গাছগুলো কাটার সময় স্থানীয় লোকজন দেখে উপজেলা প্রশাসনকে খবর দেয়। উপজেলা প্রশাসন ইউনিয়ন উপসহকারী ভূমি কর্মকর্তা তরিকুল ইসলামকে ঘটনা স্থলে পাঠায়, ভূমি কর্মকর্তা পৌছানোর আগেই গাছগুলো ওখান থেকে সরিয়ে ফেলেন তাহাজুল।

গাছগুলির আনুমানিক মূল্য প্রায় ৬ থেকে ৭ লক্ষ টাকা। সরকারি এই গাছগুলি গ্রামের গাছ ব্যবসায়ী মেহেদির কাছে বিক্রি করা হয়। এই তাহাজুল ইসলাম (৪৫) চন্ডিপুর গ্রামের খিরাজ উদ্দিন মোল্লার ছেলে পেশায় সে একজন সাবরেজিস্টার্ড অফিসের মুহুরি এবং এলাকায় তিনি আওয়ামী লীগের নেতা হিসেবে পরিচয় দেন।

এই বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতার কাছে জানতে চাইলে তিনি বলেন আমি উক্ত ইউনিয়নের ভূমি অফিসারকে ঘটনাস্থলে পাঠিয়েছি সরজমিনে দেখার জন্য । প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছি । এবং সরকারি জিনিস আত্মসাৎ করলে সে যেই হোক না কেন কেউ ছাড় পাবে না আইনের আওতায় নিয়ে এসে বিচার করা হবে।

এ বিষয়ে কুলগাছি ইউনিয়ন ভূমি কর্মকর্তা তারিকুল ইসলাম এর কাছে জানতে চাইলে তিনি বলেন এ বিষয়টি আমরা সরজমিনে যেয়ে দেখেছি এবং যে ব্যক্তি এই গাছটি কাটছে তাকে চিহ্নিত করছি এবং ওই জমিটা মাপার জন্য আমরা উপজেলা প্রশাসনকে বলছি এবং আগামীকাল উপজেলা সার্ভেয়ার জমিটি মেপে রাস্তার সীমানা নির্ধারণ করবে। এবং এই গাছগুলো উদ্ধারের চেষ্টা করতেছি আমরা।

দামুড়হুদায় জেলা পরিষদের চেয়ারম্যানদের সাথে রেড ক্রিসেন্টের মতবিনিময় সভা

সারাদেশে রেড ক্রিসেন্ট এর ৬৮ টি ইউনিটে সক্ষমতা বৃদ্ধির মধ্য দিয়ে জনগোষ্ঠীর কাছে মানবিক সহায়তা পৌঁছানোর পথ আরো প্রশস্ত

করতে জেলা পরিষদের চেয়ারম্যান গনের সাথে মত বিনিময় করেছেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি।

গতকাল রবিবার সকাল ১০টায় রাজধানীর রেডিসন হোটেলে আয়োজিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সভার উদ্বোধন করেন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রী মোহাম্মদ তাজুল ইসলাম এমপি।

এ সময় তিনি উপস্থিত জেলা পরিষদ চেয়ারম্যান গনের উদ্দেশ্য বলেন সমগ্র দেশব্যাপী রেড ক্রিসেন্ট এর বিস্তৃত স্বেচ্ছাসেবক নেটওয়ার্কে সরকারের বিভিন্ন মানবিক সহায়তা প্রকল্পে সম্পৃক্ত করলে আরো স্বচ্ছ জবাবদিহিতার সাথে কাজ করা সম্ভব হবে। এছাড়া সরকারের সহযোগি সংস্থা হিসেবে বিডিআরসিএস’কে স্থানীয় সরকার বিভাগ সহ সরকারের অন্যান্য সংস্থা গুলো আরো বেশি পরিমাণে আর্থিক সহায়তা প্রদান সহ স্বেচ্ছাসেবকদের মানবিক ও দক্ষ করে গড়ে তুলতে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা প্রয়োজন বলে আমি মনে করি।

মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান মেজর জেনারেল অব: এটিএম আবদুল ওয়াহ্হাব। তিনি উপস্থিত ইউনিট চেয়ারম্যান ও সেক্রেটারিদের উদ্দেশ্য বলেন স্থানীয় সম্পদের উপর ভিত্তি করে সকল ইউনিটকেই টেকসই উন্নয়নের মাধ্যমে নিজস্ব উদ্যোগে বিপদাপন্ন মানুষের কাছে মানবিক সহায়তা পৌঁছাতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। তবেই মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকারের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে এগিয়ে চলা সম্ভব হবে। সারাদেশে ৬৮ টি ইউনিটের মাধ্যমে রেড ক্রিসেন্ট প্রাকৃতিক ও মানব সৃষ্ট দুর্যোগে বিপন্ন মানুষের কাছে পরিষেবা পৌঁছায়। রেড ক্রস রেড ক্রিসেন্ট আন্দোলনে মূলনীতি অনুসরণ করে আত্মনির্ভরশীল ও টেকসই জাতীয় সোসাইটি হিসেবে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি কে প্রতিষ্ঠিত করতে ইউনিট গুলোর ভূমিকা ও করণীয় সম্পর্কে অবহিত করতেই সভার আয়োজন করা হয়।

সভায় উপস্থিত জেলা পরিষদের চেয়ারম্যান তথা সোসাইটির ইউনিট চেয়ারম্যানদের একত্রিত করে জেলা পরিষদসহ স্থানীয় বিভিন্ন সংস্থা প্রতিষ্ঠান ও দানশীল ব্যক্তির সহায়তায় বিভিন্ন ইউনিট কর্তৃক গৃহীত মানবিক কর্মকাণ্ড সংক্রান্ত তথ্য বিনিময় করা হয়। দিন ব্যাপী সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ৫১ জন ইউনিট চেয়ারম্যান, ৫৬ জন ইউনিট সেক্রেটারি, সোসাইটির ভাইস চেয়ারম্যান মোহাম্মদ নুর-উর-রহমান, ট্রেজার এম এ সালাম,

ব্যবস্থাপনা পরিষদের সদস্য বৃন্দ, মহাসচিব, উপমহাসচিব, আই এফ আর সি বাংলাদেশ ডেলিগেশনের প্রধান সঞ্জীব কুমার কাফলে, আইসিআরসি বাংলাদেশের প্রধান কাথিয়া লরেঞ্জ, রেড ক্রিসেন্ট ইউনিট সেক্রেটারি গন, সিপিপি পরিচালক প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপ সচিব, সোসাইটির বিভিন্ন বিভাগের পরিচালক গণসহ অন্যান্য কর্মকর্তাগণ বৃন্দ, আইএফআরসি, আইসিআরসি, বিভিন্ন পার্টনার, ন্যাশনাল সোসাইটির প্রধান ও প্রতিনিধিগণ এবং সোসাইটির স্বেচ্ছাসেবকবৃন্দ।

দামুড়হুদায় অপহরণ মামলার আসামি ইমরান গ্রেফতার

দামুড়হুদায় ১৪ বছরের নাবালিকা মেয়ে অপহরণ মামলার আসামিকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে আসামির নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হলেন উপজেলার দুলালনগর গ্রামের চাল্লিশ খাঁর ছেলে ইমরান আলী খাঁ (২০)।

এজাহার সুত্রে জানাগেছে, উপজেলার নাটুদাহ ইউনিয়নের বোয়ালমারী গ্রামের বাকের আলী’র ৭ম শ্রেণির ছাত্রী নাবালিকা মেয়েকে দীর্ঘদিন ধরে প্রেমের প্রস্তাব দিয়ে আসছিল ইমরান। প্রস্তাবে রাজি না হওয়ার কারণে গত ১৭-০২-২০২৩ ইং তারিখে রোজ শুক্রবার রাতে আগে থেকেই বাড়ির পাশে লুকিয়ে ছিল ইমরান। রাত সাড়ে ১১টার দিকে প্রকৃতির ডাকে সাড়া দিতে বাইরে বেরোলে জোরপূর্বক তাকে অপহরণ করা হয়।

দামুড়হুদা মডেল থানায় ওই অপহরণ মামলার জের ধরে পুলিশ অফিসার এসআই মঞ্জুরুল হক সঙ্গীয় ফোর্স নিয়ে গতকাল সকালে আসামিকে তার নিজ বাড়ি থেকে গ্রেফতার করে। সেই সঙ্গে নাবালিকা মেয়েকেও উদ্ধার করেছে পুলিশ।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় জাতীয় ভোটার দিবস উপলক্ষে বর্ণ্যাঢ্য র্যালি ও আলোচনা সভা

‘ভোটার হব নিয়ম মেনে, ভোট দিব যোগ্যজনে’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় পালিত হয়েছে জাতীয় ভোটার দিবস ২০২৩। এ দিবস উপলক্ষে বর্ণ্যাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় ভোটার দিবসে ২০২২ সালের ভোটার তালিকা হালনাগাদের চূড়ান্ত ভোটার সংখ্যা প্রকাশ করা হয়। এবছর ৫ম বারের মতো জাতীয় ভোটার দিবস উদযাপন করা হচ্ছে। বাংলাদেশে গণতন্ত্রের পদযাত্রায় নতুন একটি সংযোজন হচ্ছে জাতীয় ভোটার দিবস। ২০১৩ সালে সার্কভুক্ত দেশগুলোর নির্বাচন বিষয়ক সংগঠন ফেমবোসা’র চতুর্থ সভার সিদ্ধান্ত মোতাবেক সদস্য দেশগুলো জাতীয়ভাবে ভোটার দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ করে।

এরই ধারাবাহিকতায় আলোচনা সভায় দামুড়হুদা উপজেলা নির্বাচন অফিসার নূরু উল্লাহ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন গণতান্ত্রিক ব্যবস্থার সবচেয়ে বড় খুঁটি ভোটব্যবস্থা। জনগণের মতামতের প্রতিফলন ঘটে ভোটে। আমাদের সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের সব ক্ষমতার মালিক জনগণ। সেই মালিকেরাই পাঁচ বছর পর তাদের প্রতিনিধি নির্বাচন করে জাতীয় সংসদে পাঠান। সংসদ-সদস্যরা জনগণের প্রতিনিধি হিসাবেই আইন প্রণয়নসহ বিভিন্ন নীতি নির্ধারণ করেন। আবার পাঁচ বছর পর তারা জনগণের কাছে তাদের প্রতিশ্রুতি ও কাজের খতিয়ান তুলে ধরেন। ভোটের মাধ্যমে জনগণ নির্ধারণ করেন তারা আরও পাঁচ বছর থাকতে পারবেন নাকি নতুন কেউ সরকার গঠন করবে। এটাই সর্বজনীন গণতান্ত্রিক রীতি।

জনগণের সঙ্গে সরকার ও জনপ্রতিনিধিদের এই সম্পর্ক স্থাপনের সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম ভোট।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী।

আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন সাইফুল আলমসহ উপজেলা নির্বাচন অফিসের কর্মকর্তা কর্মচারী ও উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ।